নারায়ণগঞ্জের শ্রেষ্ঠ এসআই রূপগঞ্জ থানার রৌশন আলী



ছবি: সংগৃহীত

পেশাগত দায়িত্ব পালনে অবদানের স্বীকৃতি হিসেবে নারায়ণগঞ্জ জেলা পুলিশের অক্টোবর মাসের সেরা উপপরিদর্শক (এসআই) নির্বাচিত হয়েছেন রূপগঞ্জ থানার রৌশন আলী। মাসিক কল্যাণ ও অপরাধ পর্যালোচনা সভায় বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১৪ জন পুলিশ কর্মকর্তা ও সদস্যকে পুরস্কৃত করা হয়।

রোববার (২৫ অক্টোবর) সকাল ১০টায় পুলিশ লাইন্সের ড্রিল শেডে সভাটি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা পুলিশ সুপার মো. হাবিবুর রহমান। সভায় বিভিন্ন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সদস্যরা তাঁদের সমস্যার কথা তুলে ধরেন। সেগুলো সমাধানে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন পুলিশ সুপার।

পুরস্কারপ্রাপ্ত অন্যদের মধ্যে জেলার সেরা সহকারী উপপরিদর্শক (এএসআই) হয়েছেন মো. আব্দুল হামিদ খান, ট্রাফিক বিভাগে সার্জেন্ট শফিউল আজম শোভন এবং গোয়েন্দা শাখায় এসআই মো. মফিজুল ইসলাম।

সূত্রবিহীন মামলার রহস্য উদ্‌ঘাটনের স্বীকৃতি পেয়েছেন বন্দর থানার এসআই মিকাইল হোসেন, ফতুল্লা মডেল থানার এসআই পলাশ বাইন ও সোনারগাঁ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল বারিক।



বিশেষ পুরস্কার পেয়েছেন বন্দর থানার ওসি মো. জামাল উদ্দিন। অস্ত্র উদ্ধার ও ডাকাতির অভিযোগে আসামি গ্রেপ্তারের জন্য পুরস্কৃত হয়েছেন রূপগঞ্জ থানার ওসি এ এইচ এম সালাউদ্দিন। এ ছাড়া ডিএসবি শাখার এসআই মোহাম্মদ শরীফ হোসেন, এসআই মো. জামাল উদ্দিন এবং ওয়াচার কনস্টেবল মাহবুব আফ্রাদ, হুমায়ুন কবির ও মো. ইসমাইল খানও বিশেষ পুরস্কার পেয়েছেন।

একই দিন দুপুর ১২টায় সেপ্টেম্বর মাসের বিভিন্ন মামলার অগ্রগতি নিয়ে অপরাধ পর্যালোচনা সভা হয়। এতে পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে মামলাগুলোর সর্বশেষ অবস্থা তুলে ধরেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) তারেক আল মেহেদী।

সভায় ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৪, সিআইডি, নৌ পুলিশ ও হাইওয়ে পুলিশের পরিদর্শক এবং জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।